

স্মারক নং- এসকেএস/২০/৮৯২

১০ সেপ্টেম্বর ২০২০ খৃঃ

### অফিস স্মারক


এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক দেশব্যাপী করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) এর বর্তমান পরিস্থিতিতে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে মেনে কাজ করার জন্য বলা হলো।

- সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলা: যেমন- নিয়মিত হাত ধোয়া ও দৈহিক পরিচ্ছন্নতায় যত্নশীল হওয়া; বাসস্থানের বাইরে সর্বাবস্থায় বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা; কোভিড-১৯ এবং অন্যান্য সংক্রামক রোগ প্রতিরোধ ও ধারণা সংক্রান্ত সচেতনতামূলক বার্তা প্রচার করা ইত্যাদি।
- করোনাভাইরাসের উপসর্গ দেখা দিলে আতঙ্কিত না হয়ে/লুকোচুরি না করে প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা ও অন্যান্য সেবা সহায়তা পাওয়ার জন্য সংস্থা কর্তৃক এ সংক্রান্ত গঠিত টিমের ফোকাল পার্সন (আশরাফুল আলম, সমন্বয়কারী- পিআর এ্যান্ড সি, মোবাইল নং- ০১৭১৩৪৮৪৪১২) এর সহিত যোগাযোগ করা।
- সকল পর্যায়ে স্বাস্থ্যগত ঝুঁকি বিবেচনায় রেখে প্রচলিত মিটিং সমূহ স্ব-শরীরে না করে যথাসম্ভব অনলাইনে করা অথবা সীমিত পরিসরে নিরাপদ দূরত্ব বজায় রেখে তা করা।
- অফিস পর্যায়ে কোভিড-১৯ বিস্তার রোধে হাত ধোয়ার ব্যবস্থা রাখা; হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড রাব/জীবাণুনাশক ইত্যাদি সংরক্ষণ করা; কর্মস্থল ও আশপাশের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা; অফিসে ব্যবহৃত জিনিসপত্রসমূহ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখা; অফিসে জনসমাগম এড়িয়ে চলা নিশ্চিত করা।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহমেদ লিটন

নির্বাহী প্রধান।

অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি